

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.১১৪.১১৪.২০১৫- ১৩০১


তারিখঃ ১৬/১১/২০১৭

বিষয় : শ্রীপুর উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ কাজের অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর এর স্মারক নং-১০৩৪, তারিখ : ২৪/১০/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, শ্রীপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১৭.০০ লক্ষ (সতের লক্ষ) টাকা ব্যয় সীমিত রেখে এ বিভাগ কর্তৃক অনুমোদিত এক ও অভিন্ন ডিজাইনে পরিষদের প্রধান ফটক নির্মাণের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

২। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে এ বিভাগের ২১/০৮/২০১৬ তারিখের ১৩১৪ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের সামনের দিকের সীমানা প্রাচীর প্রতি মিটার ১২,৬৫০/- (বার হাজার ছয়শত পঞ্চাশ) টাকা এবং পিছনে ও পার্শ্বে দিকের সীমানা প্রাচীর প্রতি মিটার ৮,৯১২/- (আট হাজার নয়শত বার) টাকা দরে প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে এবং তা পত্রে সুস্পষ্ট করে অর্থাৎ সামনে/পিছনে ও পার্শ্বের দিকের সীমানা প্রাচীরের দৈর্ঘ্য ও মিটার প্রতি প্রাক্কলিত মূল্য উল্লেখপূর্বক অনুমোদিত প্রাক্কলন ও মাসিক সভার কার্যবিবরণীসহ পুনঃ প্রস্তাব প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ জাহিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার  
শ্রীপুর, গাজীপুর।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, গাজীপুর।
২. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীপুর, গাজীপুর।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।